

## বিজ্ঞানে আসন সংখ্যা ৬২ হাজার শিক্ষার্থী মাত্র ১৮ হাজার

### যশোর জুরো

চলতি বছর এমএসসি পরীক্ষায় যশোর শিকা বোর্ডের অধীনে বিজ্ঞান বিভাগ থেকে ১৮ হাজার ১৮৮ জন ছাত্রছাত্রী উত্তীর্ণ হয়েছে। কিন্তু উত্তীর্ণ শিক্ষার্থীদের তুলনায় একাদশ শ্রেণীতে আসন সংখ্যা কয়েকগুণ বেশি রয়েছে। এর ফলে অধিকাংশ কলেজের একাদশ শ্রেণীর বিজ্ঞান বিভাগে এবার আসন পূরা থাকবে বলে আশংকা করা হচ্ছে।

যশোর বোর্ডের হিসেব অনুযায়ী, কলেজগুলোতে বিজ্ঞান বিভাগে মোট আসন রয়েছে ৬২ হাজার ২৫০টি। অথচ উত্তীর্ণ এমএসসি শিক্ষার্থীর সংখ্যা মাত্র ১৮ হাজার ১৮৮ জন।

যশোর শিকাবোর্ডের কলেজ পরিদর্শক অমল কুমার বিশ্বাস জানান, ২০১০ সালে যশোর বোর্ড থেকে মোট ১ লাখ ৯ হাজার শিক্ষার্থী কৃতকার্য হয়েছে। অথচ ৫৪০টি কলেজে আসন রয়েছে ২ লাখ ২০ হাজার। এর মধ্যে বিজ্ঞান বিভাগে আসনের তুলনায় ভর্তিহীন শিক্ষার্থীর সংখ্যা এক চতুর্থাংশ।

যশোর জেলায় বিজ্ঞান বিভাগে ১৩ হাজার ৬৫০টি আসনের বিপরীতে ৩ হাজার ২৯০ জন, খুলনায় ১২ হাজার ১৫০ আসনের বিপরীতে ৩ হাজার ৫৪৭ জন, বাগেরহাটে ৪ হাজার ৬৫০ আসনের বিপরীতে ১ হাজার ৩৩১ জন, সাতক্ষীরায় ৭ হাজার ৬৫০ আসনের বিপরীতে ১ হাজার ৭৯১ জন, নড়াইলে

৩ হাজার আসনের বিপরীতে ৭০৮ জন, মাগুরায় ৩ হাজার ৪৫০ আসনের বিপরীতে ১৭৭ জন, ঝিনাইদহে ৭ হাজার ৫০ আসনের বিপরীতে ১ হাজার ৫৮৫ জন, চুয়াচঙ্গায় ২ হাজার ২৫০ আসনের বিপরীতে ১ হাজার ৩১ জন, কুষ্টিয়া জেলায় ১ হাজার ১০০ আসনের বিপরীতে ৮১২ জন ও কুষ্টিয়া জেলায় ৬ হাজার ৩০০ আসনের বিপরীতে ৩ হাজার ১৬ জন শিক্ষার্থী রয়েছে।

অর্থাৎ বিজ্ঞান বিভাগের ৬২ হাজার ২৫০ আসনের বিপরীতে শিক্ষার্থী রয়েছে মাত্র ১৮ হাজার ১৮৮ জন।

যশোর সরকারি এমএন কলেজের অধ্যক্ষ প্রফেসর এমএন ইব্রাহিম হক বলেন, শহরের কয়েকটি নামিদারি কলেজ বাদে গ্রামাঞ্চলের কলেজগুলোতে বিজ্ঞান বিভাগে

শিক্ষার্থী সংকট দেখা দেবে। তার ফলে, বিজ্ঞানের শিক্ষার্থীদের পড়াশোনার খরচ বার বছরসহ বিভিন্ন কারণে এর প্রতি শিক্ষার্থীদের আগ্রহ কম।

ওরে বর্তমানে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল কলেজের প্রসার ঘটায় উচ্চ শিক্ষার স্বার ও কর্মসংস্থান বাড়ছে। যশোর শিকাবোর্ডের চেয়ারম্যান প্রফেসর আনিসুল আলম বান বলেন, মাঝে বিজ্ঞান বিভাগের শিকার হার কম ছিল। কিন্তু বর্তমানে বিজ্ঞান বিভাগে শিক্ষার্থীর সংখ্যা ধীরে ধীরে বাড়ছে।

যশোর বোর্ডে একাদশ শ্রেণীতে ভর্তি